

সমকাল

পরীক্ষার্থীদের নকলে ফেঁসে গেল দুই পরিদর্শক

১৬ নভেম্বর ২০১৯

ঠাকুরগাঁও প্রতিনিধি



নকল রাখার দায়ে আটক দুই কেন্দ্র পরিদর্শক-সমকাল

ঠাকুরগাঁওয়ের সালন্দর কামিল মাদ্রাসা কেন্দ্রে জেডিসি পরীক্ষা চলাকালীন সময় নিজেদের কাছে নকল রাখার দায়ে দুই কেন্দ্র পরিদর্শককে আটক করা হয়েছে।

শনিবার দুপুরে ইংরেজি পরীক্ষা চলাকালীন সময় মনসুর আলীর পাঞ্জাবীর পকেটে ও আয়েশা সিদ্দিকার ভ্যানিটি ব্যাগে নকল রাখার দায়ে তাদের আটক করা হয়।

পরে সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন তাদের ১৫ দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়ে জেল হাজতে পাঠিয়ে দেন।

এ সময় নির্বাহী ম্যাজিস্ট্রেট আব্দুল কাইয়ুম খান, আরও অন্য ২ জন পরীক্ষা পরিদর্শককে নিয়ম বহিভূতভাবে মোবাইল ফোন রাখার দায়ে আর্থিক জরিমানা করেন।